

💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১২৪১

১/ বিবিধ

আরবী

كلم الله موسى ببيت لحم ضعيف جدا

رواه ابن عساكر في " التاريخ " (5/341/1) من طريق تمام الحافظ: نا علي بن يعقوب بن شاكر: نا أحمد بن أبي رجاء: نا سعيد بن محمد المصيصي: نا يحيى بن صالح: نا سعيد بن عبد العزيز عن مسلم عن أنس مرفوعا

قلت: وهذا سند ضعيف جدا، مسلم هذا هو ابن كيسان الكوفي الملائي وهو ضعيف جدا، قال ابن معين: ليس بثقة

وقال البخاري: يتكلمون فيه، وقال في موضع آخر: " ذاهب الحديث لا أروي عنه وقال النسائي: متروك

وسعيد بن عبد العزيز وهو التنوخي وهو ثقة لكنه كان اختلط ومن دون يحيى بن صالح _ وهو الوحاظي ثقة _ لم أجد لهم ترجمة، ما عدا تمام فهو حافظ مشهور والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية ابن عساكر هذه. ولم يتكلم عليه المناوي بشيء

বাংলা

১২৪১। আল্লাহ্ তা'আলা মূসা (আঃ)-এর সাথে বাইতুল লাহমে কথা বলেন। হাদীসটি খুবই দুর্বল।



হাদীসটি ইবনু আসাকির "আত-তারীখ" গ্রন্থে (৫/৩৪১/১) তাম্মাম আল-হাফিয হতে, তিনি আলী ইবনু ইয়াকুব ইবনে শাকের হতে, তিনি আহমাদ ইবনু আবী রাজা হতে, তিনি সাঈদ ইবনু মুহাম্মাদ মাসীসী হতে, তিনি ইয়াহইয়া ইবনু সালেহ হতে, তিনি সাঈদ ইবনু আদিল আযীয হতে, তিনি মুসলিম হতে, তিনি আনাস (রাঃ) হতে মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এ মুসলিম হচ্ছে ইবনু কায়সান কৃষী মুল্লাঈ, তিনি খুবই দুর্বল। ইবনু মাঈন তার সম্পর্কে বলেনঃ তিনি নির্ভরযোগ্য নন। বুখারী বলেনঃ মুহাদ্দিসগণ তার সমালোচনা করেছেন। তিনি অন্যত্র বলেনঃ তিনি যাহেবুল হাদীস, তার থেকে বর্ণনা করিনি। নাসাঈ বলেনঃ তিনি মাতরুক।

অপর বর্ণনাকারী সাঈদ ইবনু আদিল আযীয় হচ্ছেন তানূখী, তিনি নির্ভরযোগ্য কিন্তু তার মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। এ ছাড়া তাম্মাম ব্যতীত ইয়াহইয়া ইবনু সালেহ আল-ওয়াহামীর নিচের বর্ণনাকারীদের জীবনী পাচ্ছি না।

তা সত্ত্বেও সুয়ূতী "আল-জামেউস সাগীর" গ্রন্থে ইবনু আসাকিরের বর্ণনায় হাদীসটি উল্লেখ করেছেন। আর মানবী হাদীসটি সম্পর্কে কোন কিছুই বলেননি।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন